

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২।
www.ddm.gov.bd

স্মারক নং-৫১.০১.০০০০.০১৫.২০.০২৫.১৭-১৬২

তারিখঃ ৩১/০৫/২০১৮ খ্রিঃ।

বিষয়ঃ জিআর চাল বরাদ্দ।

সূত্রঃ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের স্মারক নং- ৫১.০০.০০০০.৪২১.১৪.০১১.১৫-১৭৭, তারিখঃ ৩০/০৫/২০১৮ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০১৭-২০১৮ অর্থ বছরে নিম্নে বর্ণিত শর্তে সরকারি/বেসরকারি এতিমখানা/লিঙ্গাহবোডিং/শিশুসদন/অনাথ আশ্রম/মুসাফিরখানা/বিভিন্ন ধর্মীয় অনুষ্ঠানে বিতরণের লক্ষ্যে দেশের ৬৪টি জেলার সকল জেলা প্রশাসক এর অনুকূলে প্রতি জেলার জন্য ৫০০.০০০ (পাঁচশত) মেঃটন হারে (৫০০ মেঃটন x ৬৪ জেলা) মোট ৩২,০০০ (বত্রিশ হাজার) মেঃটন জিআর চাল বরাদ্দ প্রদান করা হ'ল।

০২। শর্তসমূহঃ

- (ক) জেলা প্রশাসক, বরাদ্দকৃত চাল বিতরণের পূর্বে এতিমখানার নিবন্ধন ও ধর্মীয় অনুষ্ঠানের প্রাপ্তির যোগ্যতা যাচাই করবেন। অযোগ্য অস্তিত্বহীন/এতিমখানা/ধর্মীয় অনুষ্ঠান বরাদ্দ প্রাপ্তির যোগ্যতা সম্পন্ন না হলে এ বরাদ্দ প্রদান করা যাবে না। এতিমখানা/ধর্মীয় অনুষ্ঠান বরাদ্দ প্রাপ্তির যোগ্যতা সম্পন্ন না হলে বিষয়টি দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।
 - (খ) মানবিক সহায়তা কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা, ২০১২-১৩ অনুযায়ী জেলা প্রশাসক জিআর চাল বরাদ্দ প্রাপ্তির অযোগ্য ও অস্তিত্বহীন এতিমখানা/ধর্মীয় অনুষ্ঠান জিআর চাল বরাদ্দ বাতিলের ক্ষমতা সংরক্ষণ করবেন।
 - (গ) চলতি অর্থ বছরে (২০১৭-১৮) ইতোপূর্বে যেসব এতিমখানা/ধর্মীয় অনুষ্ঠানে জিআর চাল বরাদ্দ প্রদান করা হয়েছে এরূপ ধর্মীয় অনুষ্ঠানে এ বরাদ্দ প্রদান করা যাবে না।
 - (ঘ) মানবিক সহায়তা কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা ২০১২-১৩ অনুসরণপূর্বক জেলা প্রশাসক জিআর চাল বিতরণ/বরাদ্দ প্রদান করবেন এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।
 - (ঙ) বরাদ্দকৃত জিআর চাল ব্যয় চলতি ২০১৭-২০১৮ অর্থ বছরের ০৩-৪৯০৩ ত্রাণ ও পুনর্বাসন কার্যক্রম-০০০১-ত্রাণ কার্যক্রম সাধারণ-৫৯০০- সাহায্য মঞ্জুরী, ৫৯৪৭ জিআর চাল খাত হতে নির্বাহ করা হবে।
- ৩। এতে মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।

জেলা প্রশাসক,

.....(সকল)।

(মোঃ ইফতেখারুল ইসলাম)
পরিচালক (ত্রাণ)
- ফোনঃ ৯৮৬০৩৮৬
E-mail: islameftekharul@yahoo.com
তারিখঃ ৩১/০৫/২০১৮ খ্রিঃ।

স্মারক নং-৫১.০১.০০০০.০১৫.২০.০২৫.১৭-১৬২

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/প্রয়োজনীয় কার্যার্থেঃ

- ১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/রংপুর/সিলেট/ময়মনসিংহ বিভাগ।
- ৩। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা।
- ৪। কম্পিউটার প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা। পত্রটি এ অধিদপ্তরের ওয়েবসাইটে Upload সহ ই-মেইল মারফত সংশ্লিষ্ট জেলায় প্রেরণ নিশ্চিত করতে অনুরোধ করা হলো।
- ৫। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা,(সকল)-তাকে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় /দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের পক্ষে জিআর চাল বিতরণ করা হচ্ছে বিষয়টি ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়াকে অবহিত করতে অনুরোধ করা হ'ল।
- ৬। জেলা খাদ্য নিয়ন্ত্রক,(সকল)।
- ৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, অত্র অধিদপ্তর।

(অরুণেন্দ্র কিশোর চক্রবর্তী)
উপ-পরিচালক (ত্রাণ-১)